ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭২০

অমরপুর,৩ সেপ্টেম্বর,২০২৫

**অমরপুরে এইডসের উপর সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত**

মহকুমা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এইচ.আই.ভি. / এইডসের উপরে সচেতনতামূলক আলোচনাচক্র আজ অমরপুর পুরাতন টাউনহলে অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের আগে অমরপুর চন্ডিবাড়ি মাঠ থেকে এক র‍্যালি বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শহর এলাকার বিদ্যালয়ের ছাত্রছাত্রী, ক্লাব, এন.জি.ও.-র সদস্যগণ এইডস বিরোধী প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে নিয়ে র‍্যালিতে অংশগ্রহণ করেন। আলোচনাচক্রের উদ্বোধন করে বিধায়ক রঞ্জিত দাস বলেন, এইডস বিষয়ে সবাইকে সচেতন করতে হবে। নেশামুক্ত সমাজ গড়ার জন্য সকল অংশের জনগণকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান। মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. প্রসেনজিৎ সরকার বলেন, আগামী তিন মাসের মধ্যেই মহকুমার সবকয়টি পঞ্চায়েত ও ভিলেজে এইডস বিষয়ে সচেতনতামূলক প্রচার ও আলোচনাচক্র অনুষ্ঠিত হবে।

*****